PERMANENT MISSION OF BANGLADESH
TO THE UNITED NATIONS
227 East, 45th Street, 14th Floor, New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bangladesh@un.int
Web site: www.un.int/bangladesh

প্রেস বিজ্ঞপ্তি

২০ মার্চ ২০০৮

নিউইয়র্কস্থ জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশন এবং ঢাকাস্থ বেঙ্গল গ্যালারী অব ফাইন আর্টস এর যৌথ উদ্যোগে বাংলাদেশের সমকালীন চিত্রকলার উপর নয় দিনব্যাপী এক প্রদর্শনী আজ থেকে জাতিসংঘ সদর দপ্তর সংলগ্ন টার্কিশ কালচারাল এবং ট্যুরিজম সেন্টারে শুরু হয়েছে। বাংলাদেশের প্রথিতযশা চিত্রশিল্পীদের আধুনিক চিত্রকর্মের উপর এই প্রথমবারের মত নিউইয়র্কে আয়োজিত এ প্রদর্শনীর উদ্বোধন করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত ইসমাত জাহান। উদ্বোধনী বক্তব্যে স্থায়ী প্রতিনিধি মিজ ইসমাত জাহান আশা প্রকাশ করেন যে, এ ধরনের প্রদর্শনী বাংলাদেশের সমসাময়িক চিত্রশিল্প এবং সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য আন্তর্জাতিক মহলে তুলে ধরতে সক্ষম হবে। উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নিউইয়র্কস্থ এশিয়ান কালচারাল কাউন্সিলের পরিচালক রালফ স্যামুয়েলসন, বেঙ্গল গ্যালারী অব ফাইন আর্টস-এর পরিচালক সুবীর চৌধুরী, শিল্পী রফিকুন্নবী এবং যামিনী পত্রিকার সম্পাদক জিয়াউল করিম। জাতিসংঘে নিযুক্ত বেশ কয়েকটি দেশের রাষ্ট্রদূত ও কূটনৈতিক, জাতিসংঘ সদর দপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ ছাড়াও নিউইয়র্কে বসবাসরত প্রখ্যাত কবি সাহিত্যিক, শিল্পী, সাংবাদিক এবং শিল্প অনুরাগীসহ বিভিন্ন পেশার প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, আগামী ২৮শে মার্চ পর্যন্ত অনুষ্ঠিতব্য এ চিত্র প্রদর্শনীতে বাংলাদেশের ৩৪ জন শিল্পীর ৪২টি চিত্রকর্ম প্রদর্শিত হচ্ছে। এ প্রদর্শনী উপলক্ষে শিল্পী রফিকুন্নবী, কালিদাশ কর্মকার, ফরিদা জামান, খুরশিদ আলম সেলিম, রোকেয়া সুলতানা, শেখ আফজাল এবং লায়লা শারমীন বর্তমানে নিউইয়র্কে অবস্থান করছেন।

(সালাহউদ্দিন নোমান চৌধুরী)
কাউন্সেলর

নিউইয়র্কস্থ সকল বাংলা সাপ্তাহিক পত্রিকা এবং ইলেকট্রনিক মিডিয়াসমূহ